# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৮.২১- ৬১

তারিখঃ১০-১০-১৪২৯ বঃ
২৪-০১-২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ আফতাব হোসেন চৌধুরী (আইডি নং-৭৬০১১২০০১), উপবিভাগীয় প্রকৌশলী, পিএমইউ-সিডিআরএসবি, বাপাউবো, ঢাকা এর অনুকূলে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং ৪২.০৩১.০১১.০০.০০.০০৯.২০১০-৬৪৯ তারিখঃ ১৩.০৮.২০১৫ মোতাবেক কতিপয় শর্ত সাপেক্ষে অস্ট্রেলিয়ায় Australbuilt নামক সংস্থায় Civil Engineer হিসেবে ১(এক) বছরের জন্য লিয়েন মঞ্জুর করা হয়। সে মোতাবেক তার দপ্তর স্মারক নং-প্রপ/পিএমইউ-সিডিআরএসবি/পি-৩৬/১৩৭ তারিখ০৪.১০.২০১৫ খ্রিঃ তারিখ অপরাহ্ন হতে তাকে কার্য অব্যাহতি প্রদান করা হয়। পরবর্তীতে Australbuilt নামক উক্ত সংস্থা তাকে ৪ বছর উক্ত প্রতিষ্ঠানে লিয়েনে চাকুরী করার জন্য পুনরায় অফার লেটার প্রদান করলে তার লিয়েনের মেয়াদ ৪ বছর বৃদ্ধির জন্য তিনি মহাপরিচালক, বাপাউবো মহোদয় বরাবর আবেদন করার প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং ৪২.০০.০০০০.০৩১.১১.১৮৪.১৭-১৬৭ তারিখঃ ১৯.০২.২০১৭ এর মাধ্যমে তার লিয়েনের মেয়াদ ০৪.১০.২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয় সে অনুযায়ী অক্টোবর/২০২০ মাসে বাপাউবোর্ডের স্বীয় কাজে যোগদান না করা সংক্রান্ত অভিযোগে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৮.২১-১২৪ তারিখ ২৬/০৪/২০২২ খ্রিঃ এর মাধ্যমে তাকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮(ক), ৪৮(খ), ৪৮(গ) ও ৪৮(চ) মোতাবেক অভিযুক্ত করে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হলে তিনি তার জবাব দাখিল হতে বিরত থাকেন।

২। যেহেতু, জনাব মোঃ আফতাব হোসেন চৌধুরী, উপবিভাগীয় প্রকৌশলী এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগ এবং অভিযোগের প্রেক্ষিতে তিনি জবাব দাখিল হতে বিরত থাকায় অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৮.২১-১৯৫ তারিখ ২১/০৬/২০২২ খ্রিঃ এর মাধ্যমে আনীত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযোগ তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ আফতাব হোসেন চৌধুরী, উপবিভাগীয় প্রকৌশলী এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষ কর্তৃক তাঁর উপর বোর্ডের চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়। সে লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক তার উপর বাপাউবোর্ডের চাকরি হতে বরখাস্ত দন্ড কেন চূড়ান্তভাবে আরোপ করা হবে না, এ বিষয়ে প্রবিধানমালার প্রবিধান-৫২ এর উপ-প্রবিধান ৫২(৫) ও ৫২(৬) মোতাবেক উক্ত নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি প্রেরণ করতঃ ০৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য অত্র দপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৮.২১-৪২০ তারিখ ১৫-১২-২০২২ খ্রিঃ মোতাবেক তার স্থায়ী ঠিকানায় ও দাপ্তরিক ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয়। তিনি উক্ত কারণ দর্শানোর জবাব দাখিল হতে বিরত থাকেন।

৪। যেহেতু, জনাব মোঃ আফতাব হোসেন চৌধুরী, উপবিভাগীয় প্রকৌশলী এর বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক মঞ্জুরীকৃত লিয়েনের মেয়াদ পূর্তির পরের দিন অর্থাৎ ০৫-১০-২০২০ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষ কর্তৃক তাঁর উপর বোর্ডের চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ আফতাব হোসেন চৌধুরী (আইডি নং-৭৬০১১২০০১), উপবিভাগীয় প্রকৌশলী, পিএমইউ-সিডিআরএসবি, বাপাউবো, ঢাকা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক মঞ্জুরীকৃত লিয়েনের মেয়াদ পূর্তির পরের দিন অর্থাৎ ০৫-১০-২০২০ খ্রিঃ তারিখ হতে বোর্ডের চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

(মোঃ মাহবুর রহমান) ২৪/০১/২৩
মহাপরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৪০১২৬০০২

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৮.২১- ৬১(৮)

তারিখঃ ১০-১০-১৪২৯ বঃ
২৪-০১-২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রকল্প পরিচালক, পিএমইউ, ক্যাপিটেল (পাইলট) ড্রেজিং অব রিভার সিস্টেম ইন বাংলাদেশ, বাপাউবো, ৭২, গ্রীণরোড, ঢাকা।
২। সচিব, বাপাউবো, ঢাকা।
৩। পরিচালক, প্রশিক্ষণ/কর্মচারী/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৬। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৮। (ক) জনাব মোঃ আফতাব হোসেন চৌধুরী (আইডি নং-৭৬০১১২০০১), উপবিভাগীয় প্রকৌশলী, পিএমইউ-সিডিআরএসবি, বাপাউবো, ঢাকা।
(খ) জনাব মোঃ আফতাব হোসেন চৌধুরী, পিতা-মোঃ জিয়াউল হক চৌধুরী, গ্রামঃ বিরাহীমপুর, ডাকঘরঃ বসুরহাট, উপজেলা-কোম্পানীগঞ্জ, জেলা- নোয়াখালী।

(মোঃ নোমান ফরিদ) ২৪/০১/২০২৩
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২